গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(সংস্থাপন শাখা)
www.narayanganj.gov.bd.

০২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
বিজ্ঞপ্তি নং-০৫.৪১.৬৭০০.২০১.১১.০০৫.১৬-৪২ তারিখ ঃ -----------------------
১৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী অধিশাখার ০৮/১১/২০১৭ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৪২.১৬-২৪৪ নম্বর ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর সার্কিট হাউজে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	নিরাপত্তা প্রহরী	৮২৫০-২০০১০/-	০৩ (তিন) টি	অষ্টম শ্রেণী

শর্তাবলী ঃ

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। এ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রের ফরম জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর ওয়েবসাইট www.narayanganj.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর আবেদন করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) প্রার্থীর সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।

(খ) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নাগরিকত্ব সনদ।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র কন্যা হিসেবে প্রমাণের জন্য চাকরি প্রার্থীকে সর্বশেষ সরকারী সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(চ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

(ছ) প্রার্থীর ভোটার আইডি কার্ড/জন্মনিবন্ধন এর সত্যায়িত অনুলিপি।

(জ) প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ হিসাব কোড নং-১-০৭৪২-০০০০-২০৩১ খাতে ট্রেজারী চালানের মাধ্যমে ৫০/-(পঞ্চাশ) টাকা জমা দিয়ে চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ঝ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে পদের নাম, নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/-(দশ) টাকার ডাক টিকেট লাগানো ১০.৫ ইঞ্চি x৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত/জারীকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে এবং খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটা, উপজাতি কোটা, মহিলা কোটা, আনসার ও ভিডিপি কোটা এবং প্রতিবন্ধী কোটাসহ সরকার নির্ধারিত সকল কোটা অনুসরণ করা হবে।

৭। প্রার্থীর বয়স ১৫/০২/২০১৮ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছর এবং (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা) ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। প্রার্থীর বয়স ১৫/০২/২০১৮ খ্রিঃ তারিখে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র কন্যা) ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৯। আবেদনপত্র আগামী ১৫/০২/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে রেজিস্ট্রার্ড ডাকযোগে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১০। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

১১। চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১২। কর্তৃপক্ষ সরকারী বিধিবিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তাঁর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৫। ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।

১৬। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাঃ/-
(রাব্বী মিয়া)
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ
ফোন ঃ +৮৮০২৭৬৪৬৬৪৪
E-mail: dcnarayang@mopa.gov.bd

০২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি নং-০৫.৪১.৬৭০০.২০১.১১.০০৭.১৬-৪২(২০) তারিখ ঃ ---------------------------

১৫ জানুয়ারি ২০১৮খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৩. জেলা প্রশাসক .... (সকল)।

০৪. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।

০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ/নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

০৬. সিভিল সার্জন, নারায়ণগঞ্জ।

০৭. উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল), নারায়ণগঞ্জ।

০৮. সহকারী কমিশনার (ভূমি), ... (সকল), নারায়ণগঞ্জ।

০৯. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার চাকরির আবেদনের মডেল ফরমটি অত্র কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।

১০. মেয়র, ...পৌরসভা, নারায়ণগঞ্জ।

১১. জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ- বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১২. সম্পাদক, ...। নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে আগামী ....খ্রি. তারিখের মধ্যে (সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) ০১ (এক) বার প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ)টি কপি এ কার্যালয়ের সংস্থাপন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

15/01/2018

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ